



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বাগেরহাট।

এবং

চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০১৮-জুন ৩০, ২০১৯

সূচিপত্র	পৃষ্ঠা নম্বর
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
উপক্রমগিকা	০৪
সেকশন ১: রূপকল্প(Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী	০৫
সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ	০৬-১১
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১৪-১৫
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর উপর নির্ভরশীলতা	১৬-১৭

বাগেরহাট জেলা রাজস্ব প্রশাসনের, কর্মসম্পাদনের সার্বিকচিত্র

(Overview of the Performance of the District Revenue Administration, Bagerhat)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহে (বিগত ০৩ বছর) প্রধান অর্জন:

বাগেরহাট জেলায় ভূমি উন্নয়ন কর সাধারণ ১৬,৯৮,৮৬,০০২/(যোল কোটি আটানব্বই লক্ষ ছিয়াশি হাজার দুই) টাকা ও সংস্থা ৪,২০,৭৫,৫৬৫/(চার কোটি বিশ লক্ষ পচাত্তর হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা, ভিপি লীজ মানি বাবদ ১,০০৫০,৮৬০/(এক কোটি পঞ্চাশ হাজার আটশত ষাট) টাকা আদায়ের পাশাপাশি কর বহির্ভূত রাজস্ব খাতে ৩,০৩,৭৭০৭৮/-(তিন কোটি তিন লক্ষ সাতাত্তর হাজার আটাত্তর) টাকা আদায় করা হয়েছে এবং নামজারী কেসের মাধ্যমে ২৩৫৬২ টি খতিয়ান সংশোধন করা হয়েছে। ভূমিহীন পরিবারের মধ্যে ৭০.২৩ একর খাস জমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। ১২০ টি হাট বাজার এবং ৩৫টি জলমহাল ইজারা দেয়া হয়েছে এবং সরকারি ১৩,৮০,৪২,৩৬৩/-(তের কোটি আশি লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশত তেষট্টি) টাকা রাজস্ব আদায় হয়েছে। ০৭ টি আশ্রয়ন ও ০৩টি গুম্বুগ্রাম বাস্তবায়নের মাধ্যমে ৭২০ টি ভূমিহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। উচ্ছেদ অভিযানের মাধ্যমে ২৬০.৬২ একর খাস জমি পুনরুদ্ধার করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বাগেরহাট জেলায় ৭৫টি ইউনিয়ন ও ৩টি পৌরসভায় সর্বমোট ৭৮টি ইউনিয়ন/ পৌর ভূমি অফিসের বিপরীতে ৩৯টি ইউনিয়ন/ পৌর ভূমি অফিস আছে। অধিকাংশ ভূমি অফিসসমূহে বিদ্যুৎ সমস্যা বিদ্যমান। যা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে প্রধান অন্তরায়। ভূমি অফিসের ভবনগুলো পুরাতন ও জরাজীর্ণ। মাঠ পর্যায়ে ভূমির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা বিশেষ করে সহকারী কমিশনার (ভূমি) এর পদ শূন্য থাকায় রাজস্ব আদায় ব্যাহত হচ্ছে এবং জনগণ প্রত্যাশিত ভূমি সংক্রান্ত সেবা পাচ্ছে না। ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহে কম্পিউটার ও ইন্টারনেট সংযোগ নেই। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ সহকারী কর্মকর্তাদের কম্পিউটারসহ ডিজিটাল ভূমি ব্যবস্থাপনার প্রশিক্ষণ নেই। এছাড়া ইউনিয়ন ভূমি সহকারী/ উপ সহকারী কর্মকর্তাগণ নিয়মিতভাবে অবসরে চলে গেলেও নতুন নিয়োগ না হওয়ায় জনবল সংকট তীব্রতর হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনা :

এ জেলার রেকর্ড রুমের রেকর্ডসমূহ ডিজিটাইজেশন কার্যক্রম ইতোমধ্যে DRR প্রজেক্টের আওতায় চলমান আছে। আগামী ২-৩ বছরের মধ্যে শতভাগ বাস্তবায়ন সম্ভব হবে। প্রতিটি ইউনিয়ন ভূমি অফিসে হেল্পডেস্ক স্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া জেলা কালেক্টরেটে One stop সেবা চালু করা হবে এবং সরাসরি রেকর্ডরুম থেকে পর্চা ডেলিভারী কার্যক্রম বর্তমানে চলমান আছে। ভবিষ্যতে সকল পর্চা অনলাইনে ডেলিভারী দেওয়ার পরিকল্পনা রয়েছে। সকল ভূমি অফিসে সেবা প্রার্থীদের বিশ্রামাগারসহ টয়লেট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সকল ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে ইন্টারনেট প্রদান করা হবে। সকল ভূমি অফিসে ফটোকপিয়ার মেশিন প্রদান করা হবে।

চলমান ২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ভূমি উন্নয়ন কর ও কর বহির্ভূত রাজস্বের বিভিন্ন খাত হতে মোট ৮.৫ কোটি টাকা আদায় করা সম্ভব হবে।
- জনবান্ধব ভূমি ব্যবস্থাপনার অংশ হিসেবে প্রতিটি উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিসে হেল্পডেস্ক স্থাপন করা সম্ভব হবে।
- মিউটেশন কেসের মাধ্যমে ১০,০০০টি খতিয়ান সংশোধন করা সম্ভব।
- ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে অন লাইনের মাধ্যমে পর্চা ডেলিভারী প্রদান করা সম্ভব হবে।
- সকল উপজেলায় ভূমি সেবা সপ্তাহ উদযাপনের মাধ্যমে ভূমি বিষয়ে প্রদত্ত সেবা সম্পর্কে ভূমি মালিকদের অবহিত করা।
- রাজস্ব প্রশাসনে কর্মরত কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, সার্ভেয়ার এবং ৩য় শ্রেণীর কর্মচারীদের ভূমি ব্যবস্থাপনার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। রাজস্ব প্রশাসনের কর্মকর্তা/ কর্মচারীদের ভূমি বিষয়ে প্রশিক্ষণ দিয়ে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা সম্ভব।

উপক্রমণিকা(Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড-এর মধ্যে ২০১৮সালের.....১১.....মাসের.....২০.....তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

